৫৭।

তারিখ ... 07 JUN 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

দৈনিক ইনকিলাব

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংখ্যা এখন কত?

গিয়াস উদ্দিন রিমন ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংখ্যা এখন কত ছাত্র নেতাদের এই প্রশ্ন জিজ্ঞাসা করা হলে তারা অনায়াসে বলবেন ২৮ হাজার। কারণ তারা প্রতিদিনের বক্তৃতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮ হাজার ছাত্র-ছাত্রীর অধিকারের কথা বলেন। কিন্তু আসলেই কি ছাত্র-ছাত্রীর সংখ্যা ২৮ হাজার? পরিসংখ্যান

১১-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

তা বলে না। বিশ্ববিদ্যালয়ে আসন্ন সিনেট অধিবেশনকে সামনে রেখে প্রকাশিতব্য বার্ষিক বিবরণীর জন্য তৈরী পরিসংখ্যানে দেখানো হয়েছে, বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা ২০ হাজার ৮ শ' ৬৩ জন। আর ১৯৯৩ সনের পরীক্ষার্থী রয়েছেন ৪ হাজার ৫শ' ৬৬ জন। এ দু'টি মিলে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা দাঁড়ায় ২৫ হাজার ৪শ ২৯ জন। অবশ্য ইতোমধ্যে ঐ পরীক্ষার্থীদের ফলাফল প্রকাশিত হয়ে গেছে। প্রকাশিতব্য ১৯৯৫-৯৬ সেশনের এই বিবরণীতে ৩০ জুন '৯৬ পর্যন্ত ছাত্র-ছাত্রীদের এ পরিসংখ্যান দেখানো হয়েছে। পূর্ববর্তী '৯৪-৯৫ সেশনের বিবরণীতে ৩০ জুন '৯৫ পর্যন্ত পরিসংখ্যানে দেখা যায়, ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ২৬ হাজার ৯শ' ৯৩ জন। এক সেশনেই ছাত্র সংখ্যা কমেছে দেড় হাজার। ৩০ জুন '৯৬ পর্যন্ত পরিসংখ্যান থেকে জানা যায়, কলা অনুষদে ছাত্র রয়েছেন ৩১৩৪ জন, ছাত্রী ১৭৩৮ জন, মোট ৪৮৭২ জন। সামাজিক বিজ্ঞান অনুষদে ছাত্র ১৯৩৪ ও ছাত্রী ১৬২২ জন, মোট ৩৫৫৬ জন। বিজ্ঞান অনুষদে ছাত্র ২২৫৭ জন ও ছাত্রী ৬২৭ জন। মোট ২৮৮৪ জন। জীববিজ্ঞান অনুষদে ছাত্র ৯৯১ জন ও ছাত্রী ৭১৪ জন, মোট ১৭০৫ জন। ফার্মেসী অনুষদে ছাত্র ১৮৩ জন ও ছাত্রী ৪১ জন, মোট ২২৪ জন। বিজনেস স্টাডিজ অনুষদে ছাত্র ২৬৯১ জন ও ছাত্রী ৫৯৯ জন, মোট ৩২৯০ জন। আইন অনুষদে ছাত্র ৩৫৭ জন ও ছাত্রী ১৬৭ জন, মোট ৫২৪ জন। ইনস্টিটিউটসমূহে ছাত্র ২৮৩৩ জন ও ছাত্রী ৯৭৫ জন, মোট ৩৮০৮ জন। মোট ছাত্র সংখ্যা ১৪,৩৮০ জন এবং ছাত্রী ৬,৪৮৩ জন। কলা অনুষদে ছাত্র-ছাত্রী সংখ্যা সর্বোচ্চ। সংশ্লিষ্টরা জানান, বিশ্ববিদ্যালয়ে প্রিলিমিনারী শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধ করা এবং সেশনজট কমে যাওয়ায় ছাত্র-ছাত্রীর সংখ্যা আগের চেয়ে কমেছে।